কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 18 MAY 2026 ,MONDAY | ১৮ মে ২০২৬ ,সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-165


## পুরসভার বিল্ডিং প্ল্যান জালিয়াতি মামলায় প্রাক্তন মন্ত্রী ঘনিষ্ঠ তৃণমূল নেত্রীর পুলিশি হেফাজত



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১৭ মে :** দিনহাটা মহকুমার পুরসভার বিল্ডিং প্ল্যান জালিয়াতি মামলায় গতকাল গ্রেফতার হয়েছেন তৃণমূল নেত্রী মৌমিতা ভট্টাচার্য। দিনহাটা পৌরসভার এই পুরকর্মী ছিলেন প্রাক্তন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ ঘনিষ্ঠ । আজ আদালতে তোলা হলে প্রাক্তন মন্ত্রী ঘনিষ্ঠ তৃণমূল নেত্রীর পুলিশি হেফাজত হয়েছে ।

## শিলিগুড়িতে প্রশাসনিক বৈঠক করলেন সাংসদ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১৭ মে :** দার্জিলিং এর সাংসদ রাজু বিস্তা শিলিগুড়িতে স্টেট গেস্ট হাউজে এক প্রশাসনিক বৈঠক করলেন। বৈঠকে উপস্থিত ছিলেন জেলা শাসক, মহকুমা শাসক, জেলার বিধায়কগন সহ জেলার বিভিন্ন দপ্তরের আধিকারিকগন। বৈঠকে সরকারি বিভিন্ন উন্নয়ন মূলক কাজ, কাজের অগ্রগতি প্রভৃতি বিষয়ে আলোচনা হয়। বৈঠকে সাংসদ স্পষ্ট ভাবে জানিয়ে দেন সরকারি দপ্তর গুলির মধ্যে সমন্বয় রেখে কাজ করতে হবে। কোনো অনৈতিক কার্যকলাপ বরদাস্ত করা হবেনা, শিক্ষা, স্বাস্থ্যপরিষেবায় গুরুত্ব দিতে হবে। নদী খনন, বালি পাচার, গরু পাচার, সিন্ডিকেট রাজ, দালাল রাজ বন্ধ করে সাধারন মানুষের পরিষেবাকে গুরুত্ব দিতে হবে। বৈঠকে উপস্থিত সকল আধিকারিক গনকে এসব বিষয়গুলিকে গুরুত্ব দিয়ে কাজ করার কথা বলেন সাংসদ।

## পার্ক সার্কাসে বিক্ষোভের জেরে উত্তপ্ত পরিস্থিতি



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১৭ মে :** বিক্ষোভের জেরে উত্তপ্ত পরিস্থিতি পার্ক সার্কাসে । আক্রান্ত পুলিশ এবং কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। ঘটনায় তিন জন পুলিশকর্মী জখম হয়েছে । এ ঘটনায় ২০ জনকে আটক করা হয়েছে । রাজ্য সরকার রাস্তা আটকে নমাজ পড়ায় নিষেধাজ্ঞা জারি করেছে ,যাতে পথ চলতি মানুষের যাতায়াত সমস্যা না হয়। এছাড়া শহরের অবৈধ নির্মাণ ভেঙে ফেলার নির্দেশ দিয়েছে রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তিলজলায় অবৈধ ভাবে তৈরি চামড়ার কারখানা ও বুলডোজার দিয়ে ভেঙে ফেলা হয় প্রশাসনের তরফে। রাজ্য সরকারের এমন সিদ্ধান্তের প্রতিবাদে রবিবার দুপুর থেকে কলকাতার পার্ক সার্কাসে জমায়েত সৃষ্টি হয় সংখ্যালঘুদের। রাস্তা অবরোধ করে চলে প্রতিবাদ বিক্ষোভ চালায় সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষরা। বিক্ষোভকারীদের দাবি, আগে যেমন রাস্তায় বসে নামাজ পড়া হতো, সেটা চালু রাখতে হবে, বন্ধ করা যাবে না। দীর্ঘক্ষণ ধরে রাস্তা আটকে অবস্থান বিক্ষোভ চলায় যানজটের সৃষ্টি হলে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ বাহিনী ও কেন্দ্রীয় বাহিনী ।পুলিশ বিক্ষোভ বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলে তাদের রাস্তা ফাঁকা করার জন্য অনুরোধ করলে ,পুলিশ এর উপর আক্রমণ করে বিক্ষোভকারীরা। পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।পুলিশ এবং কেন্দ্রীয় বাহিনীর গাড়ি লক্ষ্য করে পাথর ছোড়ে বিক্ষোভকারীরা।তিনটি পুলিশের গাড়ি ভাঙচুর করা হয়। ঘটনায় তিন পুলিশকর্মী গুরুতর জখম। র‍্যাফ এবং কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা লাঠিচার্জ করে উত্তপ্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। এখনও পর্যন্ত ২০ জনকে আটক করা হয়েছে হয়েছে বলে জানা গিয়েছে।

## উদ্ধার অবৈধ নেশার সামগ্রী ,গ্রেপ্তার এক



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ মে :** আলিপুরদুয়ার জেলা পুলিশের ফালাকাটা থানার পুলিশ বীরপাড়া থানার পুলিশের সহায়তায় শনিবার বীরপাড়া থানা এলাকার এঠেলবাড়িতে একটি বাড়িতে অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে ও তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় চৌত্রিশ পাতা পিভন স্পাস প্লাস ক্যাপসুল,পাঁচ পাতা নিটকোর ট্যাবলেট,তিন বোতল ট্রিপ্রোলাইডিন ও তিন বোতল কোডিন ফসফেট সিরাপ। পুলিশ উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে। পুলিশ সূত্রে জানা গেছে উদ্ধার, বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে ধৃতকে আদালতে পাঠানো হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

# সীমান্ত এলাকা থেকে ১১ টি গরু আটক পুলিশের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ মে :** আবারও খবরের শিরোনামে আলিপুরদুয়ার জেলার ভারত-ভুটান সীমান্তবর্তী শহর জয়গাঁ। এই এলাকার থেকে আসা একটি খবর এলাকায় চাঞ্চল্য সৃষ্টি করেছে। জয়গা শহরের ঝরনা বস্তি এলাকার এক বাড়ি থেকে উদ্ধার হয়েছে ১১ টি গরু।প্রশাসন সূত্রে খবর পশুর মাংসের অবৈধ বিক্রির উদ্দেশ্যে গরুগুলি নিয়ে আসা হয়েছিল। ইতিমধ্যে এই অনিয়মের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিচ্ছে পুলিশ। এরই মধ্যে, জয়গাঁ থানার পুলিশ থানায় একটি গোপন খবর আসে যে ঝর্ণা বস্তি এলাকার একটি বাড়িতে গরুগুলি জবাই করার জন্য কিনে রাখা হচ্ছিল।খবর পেয়েই পুলিশের একটি দল অবিলম্বে ঘটনাস্থলে পৌঁছায়। তদন্ত চলাকালে পুলিশ বাড়িটির ভেতর থেকে মোট ১১টি গরু আটকে রাখা অবস্থায় উদ্ধার করে। প্রাথমিক তদন্তে ধারণা করা হচ্ছে, গরুগুলোকে জবাই করে মাংস বিক্রির উদ্দেশ্যে রাখা হয়েছিল। উদ্ধার করে গোরু গুলোকে খোয়াড়ে পাঠানো হয়েছে।

# কর্তব্যে গাফিলতি ,বরখাস্ত সিভিক ভলেন্টিয়ার




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ মে :** সঠিকভাবে কর্তব্য পালন না করায় শামুকতলা রোড পুলিশ ফাঁড়ির সিভিক ভলেন্টিয়ার বিপুল দাসকে ডেমোলাইজড করে দেওয়া হয়েছে আলিপুরদুয়ার জেলা পুলিশের পক্ষ থেকে। সূত্রের খবর শামুকতলা থানার অধীন শামুকতলা রোড ফাঁড়ির সিভিক ভলেন্টিয়ার কে অনেকদিন থেকেই সতর্ক করা হয়েছিল কিন্তু তিনি কর্ণপাত করেননি। কর্তব্যে গাফিলতির দরুন তাকে অনির্দিষ্টকালের জন্য ডেমোলাইজড করা হয়েছে।

# আলিপুরদুয়ার জেলা পুলিশের বৈঠক ধর্মীয় অনুষ্ঠান নিয়ে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ মে :** আসন্ন বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানকে কেন্দ্র করে শব্দদূষণ নিয়ন্ত্রণ ও আইনশৃঙ্খলা বজায় রাখতে আলিপুরদুয়ার থানায় অনুষ্ঠিত হল এক গুরুত্বপূর্ণ আলোচনা সভা। রবিবার থানার উদ্যোগে আয়োজিত এই বৈঠকে উপস্থিত ছিলেন বিভিন্ন ধর্মীয় সংস্থার প্রতিনিধিরা, প্রশাসনিক আধিকারিক ও পুলিশ আধিকারিকরা।সভায় মূলত ধর্মীয় প্রতিষ্ঠান ও অনুষ্ঠানগুলিতে মাইক ব্যবহারের ক্ষেত্রে নির্দিষ্ট নিয়ম মেনে চলার উপর জোর দেওয়া হয়। পুলিশ প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়, আদালতের নির্দেশিকা ও সরকারি নিয়ম অনুযায়ী রাত ১০টার পর থেকে সকাল ৬টা পর্যন্ত লাউডস্পিকার বা মাইক বাজানো সম্পূর্ণ নিষিদ্ধ। পাশাপাশি অনুমতি ছাড়া কোনওভাবেই উচ্চ শব্দে মাইক ব্যবহার করা যাবে না বলেও স্পষ্ট জানানো হয়।প্রশাসনের তরফে আরও বলা হয়, ধর্মীয় সম্প্রীতি বজায় রেখে সাধারণ মানুষের অসুবিধার কথা মাথায় রেখেই এই নির্দেশিকা জারি করা হয়েছে। হাসপাতাল, স্কুল ও আবাসিক এলাকার আশেপাশে অতিরিক্ত শব্দ যাতে না হয়, সেদিকেও বিশেষ নজর রাখার নির্দেশ দেওয়া হয়েছে।এদিন বৈঠকে উপস্থিত ধর্মীয় সংস্থার প্রতিনিধিরাও প্রশাসনের নির্দেশিকা মেনে চলার আশ্বাস দেন। আলিপুরদুয়ার থানার পক্ষ থেকে জানানো হয়েছে, নিয়ম অমান্য করলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

# সম বেতনের দাবিতে স্বাস্থ্যকর্মীরা বিধায়কের দ্বারস্থ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ মে :** চাকরির স্থায়ীকরণ, সমকাজে সমবেতন ও অবসরকালীন সুবিধার দাবিতে কুমারগ্রামের নবনির্বাচিত বিধায়ক মনোজ কুমার ওরাও এবং কালচিনির নবনির্বাচিত বিধায়ক বিশাল লামার দ্বারস্থ হলেন জাতীয় স্বাস্থ্য মিশনের (এনএইচএম) অধীনস্থ চুক্তিভিত্তিক এএনএম-আর নার্সরা। রবিবার বিধানসভা কার্যালয়ে গিয়ে স্মারকলিপি জমা দেন তাঁরা। স্বাস্থ্যকর্মীদের অভিযোগ, দীর্ঘ ১৭ বছর ধরে গ্রামীণ এলাকায় মাতৃ ও শিশু স্বাস্থ্য পরিষেবা, টিকাকরণ থেকে শুরু করে করোনা পরিস্থিতিতেও সামনের সারিতে কাজ করলেও এখনও তাঁরা স্থায়ী চাকরি ও সমবেতনের সুবিধা পাননি। এছাড়াও পেনশন, গ্র্যাচুইটির দাবিও তোলেন তাঁরা। বিধায়ক তাঁদের দাবিগুলি রাজ্যের স্বাস্থ্য দপ্তর ও বিধানসভায় তুলে ধরার আশ্বাস দিয়েছেন।

# ১২ বছর পর চালু হল আলিপুরদুয়ারে জুভেনাইল জাস্টিস কোর্ট

**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ মে :** পৃথক জেলা হিসেবে আত্মপ্রকাশের ১২ বছর পর অবশেষে আলিপুরদুয়ারে চালু হল একটি স্বতন্ত্র জুভেনাইল জাস্টিস কোর্ট। এর মাধ্যমে জেলার বিচারব্যবস্থার পরিকাঠামো আরও শক্তিশালী হল বলে মনে করা হচ্ছে।শনিবার সকাল ১০টায় জেলা শাসক ময়ূরী বসুর নেতৃত্বে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে নতুন আদালতের আনুষ্ঠানিক উদ্বোধন হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলার পুলিশ সুপার, জেলা আদালতের প্রধান বিচারক, অন্যান্য বিচারক এবং প্রবীণ আইনজীবীরা। প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে আদালতের শুভ সূচনা করা হয় এবং প্রথম দিন থেকেই আদালতের পূর্ণাঙ্গ কাজকর্ম শুরু হয়েছে বলে জানা গিয়েছে।আলিপুরদুয়ার মহকুমা আদালতকে ২০২৩ সালে জেলা আদালতে উন্নীত করা হয়। নতুন জুভেনাইল জাস্টিস কোর্ট যুক্ত হওয়ায় বর্তমানে জেলা আদালত চত্বরে মোট আদালতকক্ষের সংখ্যা দাঁড়াল ১৩টি।২০১৪ সালে জলপাইগুড়ি জেলা বিভক্ত হয়ে আলিপুরদুয়ার পৃথক জেলা হলেও, এক দশকেরও বেশি সময় ধরে এখানে কোনও জুভেনাইল জাস্টিস কোর্ট ছিল না। ফলে কিশোর অপরাধ সংক্রান্ত সমস্ত মামলার শুনানির জন্য জলপাইগুড়িতে যেতে হত। এতে পুলিশকর্মী, আইনজীবী এবং সংশ্লিষ্ট পরিবারগুলিকে বারবার দুই জেলার মধ্যে যাতায়াত করতে হতো, যার ফলে সাধারণ মানুষের ভোগান্তি, সময় নষ্ট এবং অতিরিক্ত আর্থিক চাপ সৃষ্টি হত।এবার থেকে আলিপুরদুয়ারেই কিশোর অপরাধ সংক্রান্ত সমস্ত মামলার শুনানি হবে। ফলে আর জলপাইগুড়িতে যাওয়ার প্রয়োজন পড়বে না।সরকারি আইনজীবী সুহৃদ মজুমদার বলেন, “দেরিতে হলেও আলিপুরদুয়ারে জুভেনাইল জাস্টিস কোর্ট চালু হওয়ায় কিশোর অপরাধ সংক্রান্ত মামলাগুলির দ্রুত নিষ্পত্তি সম্ভব হবে এবং মামলাকারী ও তাঁদের পরিবার অনেকটাই স্বস্তি পাবেন।”

# ব্লক অফিসে গাছ কাটা নিয়ে বিভাগীয় তদন্ত শুরু হলো মুখ্যমন্ত্রীকে অভিযোগের পরেই




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ মে :** মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে অভিযোগ করেও কাজ হয়নি বিজেপি নেতাদের। পালা বদল হয়ে গেছে রাজ্যের । এবার রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী তৃণমূল নেতা থেকে শুরু করে সরকারি আধিকারিকদের দুর্নীতির খোঁজখবর নেওয়া শুরু করেছেন। আলিপুরদুয়ারের বিধায়ক বিডিও প্রশান্ত বর্মনকে গ্রেপ্তার করা হবে বলে স্পষ্ট জানিয়ে দিয়েছেন। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক অফিস থেকে বেআইনিভাবে মেহগনি গাছ কেটে বিক্রি করার অভিযোগ করেছিলেন বিজেপি নেতৃত্বরা তৎকালীন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে। তদন্ত শুরু হয়েছিল কিন্তু মাঝপথে তদন্ত থমকে গেছে। আলিপুরদুয়ার দুই ব্লকের তৎকালীন বিডিও নিমা শেরিং শেরপা সহ শাসক দলের কয়েকজন নেতা মিলে ব্লক অফিস চত্বরে থাকা মেহগনি গাছ কেটে বিক্রি করে দিয়েছেন এমনটাই অভিযোগ উঠেছিল। পরবর্তীতে সেই গাছগুলি বনদপ্তর উদ্ধার করে শামুকতলা রেঞ্জে নিয়ে যায়। কিন্তু গাছ চুরির সঙ্গে জড়িত কারো বিরুদ্ধে কোনরকম ব্যবস্থা নেওয়া হয়নি প্রশাসনিক ভাবে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী শপথ গ্রহণ করার পরেই আলিপুরদুয়ার ২ ব্লকের বিজেপি নেতৃত্বরা বিষয়টি নিয়ে মুখ্যমন্ত্রীকে জানান। কুমারগ্রাম বিধানসভার ৫ নম্বর মন্ডলের মন্ডল সভাপতি মতিলাল বর্মন জানিয়েছেন বেআইনিভাবে গাছ কাটা হয়েছে ব্লক অফিস থেকে। খুব শীঘ্রই এই গাছ কাটার সঙ্গে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করণের কাজ শুরু করা হয়েছে প্রশাসনিকভাবে। গাছ কাটার সঙ্গে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে মুখ্যমন্ত্রী ব্যবস্থা গ্রহণ করবেন বললেন মন্ডল সভাপতি মতিলাল বর্মন। সূত্রের খবর আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকে দুর্নীতিগ্রস্ত তৃণমূল নেতাদের তালিকা তৈরির কাজ শেষ হয়ে গেছে। উপযুক্ত প্রমাণ সহকারে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা শুরু হবে।

# লোকালয় থেকে অজগর উদ্ধার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ মে :** প্রায় ১২ ফুট লম্বা অজগর উদ্ধার হল মাদারিহাট এলাকা থেকে। এদিন মাদারিহাট লাইন হোটেল এলাকায় একটি বিশালাকার অজগর দেখতে পেয়ে স্থানীয়রা বনদফতরে খবর দেয়। ঘটনাস্থলে বনদফতরের জলদাপাড়া বনবিভাগের বনকর্মীরা পৌছে অজগর সাপ উদ্ধার করে নিয়ে যায়। বন কর্মীদের কাছ থেকে জানা গেছে বক্সার জঙ্গলে ছেড়ে দেওয়া হবে অজগরটি।

# কুখ্যাত চোরকে গ্রেফতার করলো পুলিশ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ মে :** গত ১৫ মার্চ শামুকতলা থানার উত্তর পারোকাটা এলাকার বাসিন্দা শুভনাথ ঠাকুরের বাড়িতে বেলা বারোটা নাগাদ ঘরের তালা ভেঙ্গে ঘরে ঢুকে আলমারি থেকে ৭০ হাজার টাকা সহ সোনার গহনার নিয়ে পালিয়ে গিয়েছিল দুষ্কৃতী। দীর্ঘ দুই মাস বাদে তদন্ত করে কোচবিহার জেলার তুফানগঞ্জের কালিবাড়ির বাসিন্দা ঝুমান আলি আলীকে গ্রেফতার করে মালবাজার থেকে শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। রবিবার তাকে জিজ্ঞাসাবাদ করে চুরির পুনর্নির্মাণ করেন পুলিশ আধিকারিকরা। এরপর তুফানগঞ্জ এলাকা থেকে উদ্ধার করা হয় নগদ ২০ হাজার টাকা ১৬ গ্রাম ওজনের সোনার চেন এবং পাঁচগ্রাম পাঁচগ্রাম ওজনের কানের দুল এবং একটি ভিভো মোবাইল । শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক জানিয়েছেন ঝুমান আলী প্রখ্যাত চোর হিসেবে পরিচিত পুলিশ মহলে। এর আগেও প্রচুর পরিমাণ চুরির সঙ্গে যুক্ত ছিল। তার বিরুদ্ধে আলিপুরদুয়ার জেলার বিভিন্ন থানায় মামলা রয়েছে। এই অপরাধচক্রের সঙ্গে আরও কোন ব্যক্তির জড়িত আছে কিনা তার তদন্ত শুরু হয়েছে পুলিশের পক্ষ থেকে।

# আলিপুরদুয়ার জেলার ৮ জন সিভিক ভলেন্টিয়ার কে পুলিশ লাইনে ক্লোজ করা হয়েছে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ মে :** আলিপুরদুয়ার জেলার পাঁচটি থানার আট জন সিভিক ভলেন্টিয়ার কে পুলিশ লাইনে ক্লোজ করা হয়েছে। ভোটের আগেই শামুকতলা থানার তুরতুরি এলাকার ভিলেজ পুলিশকে পুলিশ লাইনে ক্লোজ করা হয়েছিল। সরকার গঠন হওয়ার পরেই ৮ জন সিভিক ভলেন্টিয়ার পুলিশ লাইনে ক্লোজ করা হয়েছে। এরমধ্যে ফালাকাটা থানার একজন বীরপাড়া থানার দুইজন শামুকতলা থানার একজন জয়গা থানার দুইজন এবং কুমারগ্রাম থানা দুইজন সিভিক ভলেন্টিয়ার রয়েছে।

# বালি মাফিয়াদের জেরা করে উদ্ধার বোমা



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মুর্শিদাবাদ ,১৭ মে :** মুর্শিদাবাদ জেলা পুলিশের ভরতপুর থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে দুই বালি মাফিয়াকে গ্রেপ্তার করে। তাদের জিজ্ঞাসাবাদে পাওয়া তথ্যের ভিত্তিতে পুলিশ ছয়টি বোমা উদ্ধার করে। পুলিশ সূত্রে জানা গেছে ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা দায়ের করে তাদের আদালতে পেশ করা হয়েছে। পুলিশ ধৃতদের দেওয়া তথ্য অনুসারে অন্যান্য অভিযুক্তদের খোঁজে তল্লাশী চালাচ্ছে।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |